

সংসদে শিক্ষামন্ত্রী

হরতাল ধর্মঘটে শিক্ষাসহ সার্বিক উন্নয়ন ব্যাহত হচ্ছে

স্টাফ রিপোর্টার : শিক্ষামন্ত্রী ব্যারি-
ষ্টার জমিরউদ্দীন সরকার সোমবার
জাতীয় সংসদে বলেছেন যে হরতাল
ধর্মঘটসহ বিভিন্ন সন্ত্রাসী কার্যকলাপের
জন্য শিক্ষাসহ দেশের সার্বিক উন্নয়ন
ব্যাহত হচ্ছে।

সোমবার সংসদে প্রণোক্তকালে মন্ত্রী
একথা বলেন। মন্ত্রী সংসদে মেজর
হাফিজউদ্দীনের সম্পূর্ণ প্রশ্নের জবাব
দিচ্ছিলেন। তিনি বলেন, ধর্মঘট হরতাল
দেশকে অনেক পেছনে ঠেলে দিচ্ছে। সমগ্র
জাতি আজ এটা বুঝতে পেরেছে। ভবিষ্যতে
জাতি হরতাল ধর্মঘটের মত ক্ষতিকর
কার্যকলাপ আর উৎসাহিত করবে না।

শিক্ষামন্ত্রী সংসদকে জানান যে
শিক্ষাকে বর্তমান সরকার অগ্রাধিকার এবং
সর্বোচ্চ বরাদ্দ দিয়েছেন। আহসানুল হক
মোল্লা এক প্রশ্নের জবাবে মন্ত্রী জানান যে

গত ১৯৯৩-৯৪ অর্থবছরে দেশের শিক্ষা
প্রতিষ্ঠানগুলিকে ২ কোটি ৭৬ লাখ ৬৪
হাজার টাকা অনুদান প্রদান করা হয়েছে।
ড্রপ-আউট ছাত্রদের পদক্ষেপ

আবদুর রউফ চৌধুরীর এক প্রশ্নের
জবাবে শিক্ষামন্ত্রী বলেন যে প্রাথমিক
শিক্ষাসহ শিক্ষার বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থী-
দের ড্রপ-আউট (ঝরে পড়া)-এর হার
হাস করার জন্য সরকার বিভিন্ন পদক্ষেপ
গ্রহণ করেছেন। এসব কার্যক্রমের মধ্যে
রয়েছে প্রাথমিক পর্যায়ে শিক্ষার বিনিময়ে
খাদ্য, বিনামূল্যে বইপত্র বিতরণ, মাধ্যমিক
পর্যায়ে নারী শিক্ষায় স্কুলের বেতন মও-
কুফ, ছাত্রী উপবৃত্তি ইত্যাদি। এসব কার্য-
ক্রমের ফলে শিক্ষার্থীদের ড্রপ-আউটের
হার পর্যায়ক্রমে হ্রাস হবে বলে মন্ত্রী আশা
করেন। সম্পূর্ণ প্রশ্নের জবাবে তিনি

জানান যে আগামী দু'হাজার সাল নাগাদ
স্কুল উপযোগী শতকরা ৯৫ ভাগ ছেলে-
মেয়েকে স্কুলে ভর্তি লক্ষ্যমাত্রা স্থির করা
হয়েছে।

তিনি জানান যে বর্তমানে শিক্ষার
বিভিন্ন স্তরে শিক্ষার্থীদের ড্রপ-আউটের
হার প্রাথমিক শিক্ষায় শতকরা ৪৪-৪০
ভাগ, মাধ্যমিক স্তরে ৫৬-১৪, উচ্চ
মাধ্যমিক স্তরে ৫৩-৩৩ এবং উচ্চশিক্ষা
ক্ষেত্রে শতকরা ২৮-৪ ভাগ।

অন্য এক সম্পূর্ণ প্রশ্নের জবাবে
শিক্ষামন্ত্রী জানান, এবছর এসএসসি পরী-
ক্ষায় ফল ভাল হয়েছে। কলেজে ভর্তি
হওয়ার ব্যাপারে কোন অসুবিধা হবে না।
দেশের সকল বেসরকারী কলেজকে সর-
কার ব্যাপকভাবে পৃষ্ঠপোষকতা করছেন।
অনেক কলেজে দুই শিকট চালু হয়েছে।